

# **া** সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ২৮১২

৫৬/ জিহাদ ও যুদ্ধকালীন আচার ব্যবহার (کتاب الجهاد والسیر)

পরিচ্ছেদঃ ৫৬/১৭. আল্লাহর রাস্তায় মাথায় ধূলা লাগলে তা মুছে ফেলা।

بَابُ مَسْحِ الْغُبَارِ عَنْ النَّاسِ فِيْ سَبِيْلِ اللهِ

### আরবী

حَدَّثَنَا إِبْرَاهِیْمُ بْنُ مُوْسَى أَخْبَرَنَا عَبْدُ الْوَهَّابِ حَدَّثَنَا خَالِدٌ عَنْ عِكْرِمَةَ أَنَّ ابْنَ عَبَّاسٍ قَالَ لَهُ وَلِعَلِيّ بْنِ عَبْدِ اللهِ الْتِيَا أَبَا سَعِیْدِ فَاسْمَعَا مِنْ حَدیْثِهِ فَأَتَیْنَاهُ وَهُوَ وَأَخُوْهُ فِیْ قَالَ لَهُ وَلِعَلِيّ بْنِ عَبْدِ اللهِ الْتِيَا أَبَا سَعِیْدِ فَاسْمَعَا مِنْ حَدیْثِهِ فَأَتَیْنَاهُ وَهُو وَأَخُوهُ فِیْ حَائِطٍ لَهُمَا یَسْقِیَانِهِ فَلَمَّا رَآنَا جَاءَ فَاحْتَبَی وَجَلَسَ فَقَالَ كُنَّا نَنْقُلُ لَبِنَ الْمَسْجِدِ لَبِنَةً لَبِنَةً وَكَانَ عَمَّالٌ يَنْقُلُ لَبِنَ الْمَسْجِدِ لَبِنَةً لَبِنَةً وَكَانَ عَمَّالٌ يَنْقُلُ لَبِنَتَیْنِ لَبِنَتَیْنِ فَمَرَّ بِهِ النَّبِيُّ صلی الله علیه وسلم وَمَسَحَ عَنْ رَأْسِهِ الْغُبَارَ وَقَالَ وَیْحَ عَمَّارٍ تَقْتُلُهُ الْفِئَةُ الْبَاغِیَةُ عَمَّالٌ یَدْعُوْهُمْ إِلَی اللهِ وَیَدْعُوْنَهُ إِلَی النَّارِ

#### বাংলা

২৮১২. 'ইকরিমাহ (রহ.) বর্ণনা করেন যে, ইবনু 'আব্বাস (রাঃ) তাকে ও 'আলী ইবনু 'আবদুল্লাহ্কে বলেছিলেন যে, তোমরা আবৃ সা'ঈদ (রাঃ)-এর নিকট যাও এবং তার কিছু বর্ণনা শোন। অতঃপর আমরা তার নিকট গেলাম। সে সময় তিনি ও তার ভাই বাগানে পানি সেচের কাজে ছিলেন। আমাদের দেখে তিনি আসলেন এবং দু' হাঁটু বুকের সঙ্গে লাগিয়ে বসে বললেন, মসজিদে নববীর জন্য আমরা এক একটি করে ইট বহন করছিলাম। আর 'আম্মার (রাঃ) দু' দু'টি করে বহন করছিল। সে সময় নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তার পাশ দিয়ে গেলেন এবং তার মাথা থেকে ধূলাবালি মুছলেন এবং বললেন, আম্মারের জন্য বড় দুঃখ হয়, বিদ্রোহী দল তাকে হত্যা করবে। সে ('আম্মার) (রাঃ) তাদেরকে আল্লাহর দিকে ডাকবে এবং তারা আম্মারকে জাহান্নামের দিকে ডাকবে। (৪৪৭) (আধুনিক প্রকাশনীঃ ২৬০২, ইসলামিক ফাউন্ডেশনঃ ২৬১৪)

## **English**

#### Narrated `Ikrima:

that Ibn `Abbas told him and `Ali bin `Abdullah to go to Abu Sa`id and listen to some of his narrations; So they both went (and saw) Abu Sa`id and his brother irrigating a garden belonging to them. When he saw them, he came up to them and sat down with his legs drawn up and wrapped in his garment



and said, "(During the construction of the mosque of the Prophet) we carried the adobe of the mosque, one brick at a time while `Ammar used to carry two at a time. The Prophet () passed by `Ammar and removed the dust off his head and said, "May Allah be merciful to `Ammar. He will be killed by a rebellious aggressive group. `Ammar will invite them to (obey) Allah and they will invite him to the (Hell) fire."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ ইকরিমা (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন